

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১০.১৬-৫৬

তারিখ:

১৩ ফাল্গুন ১৪২৫
২৫ ফেব্রুয়ারি ২০১৯

অফিস আদেশ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)-এর ডাটা এন্ট্রি অপারেটর জনাব মো: ইমদাদুল হক সোহাগ (চাকুরী হতে অপসারণকৃত)-এর বিরুদ্ধে উত্থাপিত কতিপয় অভিযোগের পরিপ্রেক্ষিতে ০৭/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় জনাব মো: ইমদাদুল হক সোহাগ-কে দোষী সাব্যস্ত করে তাকে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর বিধি ৩৯ (১) (খ) (ই) অনুযায়ী চাকুরী হতে অপসারণ দণ্ড প্রদান করা হয়।

উক্ত দণ্ডদেশের বিরুদ্ধে জনাব মো: ইমদাদুল হক সোহাগ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর ধারা ৪৭ মোতাবেক আপীল আবেদন করেন। বিভাগীয় মামলার সকল নথিপত্র পর্যালোচনা করা হয় এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রমের সঠিকতা যাচাই করা হয়।

দণ্ড প্রদানকারী কর্তৃপক্ষের আদেশটি বাতিল কিংবা দণ্ড শিথিল করার মত কোন উপাদান না পাওয়ায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)-এর ডাটা এন্ট্রি অপারেটর জনাব মো: ইমদাদুল হক সোহাগ (চাকুরী হতে অপসারণকৃত)-এর বিরুদ্ধে রুজুকৃত ০৭/২০১৫ নং মামলায় আরোপিত দণ্ড বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(অসীম কুমার কর্মকার)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭০৬৭২

as.sec3@moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১০.১৬-৫৬

তারিখ:

১৩ ফাল্গুন ১৪২৫
২৫ ফেব্রুয়ারি ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.), রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪ ও ৫), ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। সিনিয়র সচিবের এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মো: ইমদাদুল হক সোহাগ, ডাটা এন্ট্রি অপারেটর (চাকুরী হতে অপসারণকৃত), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.), ঢাকা।



(অসীম কুমার কর্মকার)

সিনিয়র সহকারী সচিব